

**প্রাথমিক শিক্ষক সমাজের**

**অভিযোগ**

**শিক্ষকদের দৃষ্টি অন্যদিকে  
ফেরানোর চেষ্টা চলছে**

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি এম. এম. আমিনুরী ও মহাসচিব ফজলুর রহমান সোমবার এক যুক্ত বিবৃতিতে বলেছেন, গত দুটি 'প্রহসন-ধর্মী' মহাসম্মেলনে প্রস্তাবিত হবার পর প্রাথমিক শিক্ষকরা যখন ২৫ লক্ষ দাবী আদায়ের লক্ষ্যে ২২শে নভেম্বর কাউন্সিল অধিবেশনের প্রস্তুতি নিচ্ছেন তখন পূর্ব পরিচিত মুখচেনা মহল ২১ লক্ষ দাবী আদায়ের নামে রাষ্ট্রপতির সাথে সাক্ষাৎ করে শিক্ষকদের দৃষ্টি অন্যদিকে ফেরাতে চাচ্ছে।

বিবৃতিতে বলা হয়, প্রাথমিক শিক্ষকরা আর বেচাকেনার বাজারে অংশ নিয়ে মানুষের অশ্রদ্ধা বহন করতে চায় না।